দৈনিক সংবাদ

তারিখ 22 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 2

০৬

007

# পরীক্ষা দেয়ার দাবীতে ৭২ জন ছাত্রছাত্রীর অনশন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ১৩টি অনার্স কলেজের ৭২ জন ছাত্রছাত্রী আগামী অনার্স (সনাতন) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগের দাবীতে আমরণ অনশন শুরু করেছেন।

গতকাল মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে উপাচার্যের অফিসের সামনে এই অনশন শুরু হয়। সাবসিডিয়ারী পরীক্ষায় একবার ফেল করার কারণে নিয়মানুযায়ী তারা আসন্ন অনার্স পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা হারিয়েছে। অনশনকারীরা জানিয়েছেন, পরবর্তী সাবসিডিয়ারী পরীক্ষায় অংশ নিয়ে তারা ইতিমধ্যেই পাস করেছেন এবং আগামী পরীক্ষায় তাদেরকে অংশ নিতে না দিলে এক বছর শুধু শুধু নষ্ট হবে।

# পরীক্ষা হলের বাইরে লেখা উত্তরপত্র উদ্ধার

বগুড়া, ২১শে মার্চ (নিজস্ব সংবাদদাতা)।—চলতি এস এসসি পরীক্ষায় শিবগঞ্জ পরীক্ষা হলের বাইরে লেখা ৫টি উত্তরপত্র পুলিশ ও স্থানীয় যুবকরা উদ্ধার করেছে। জানা গেছে, গত ১৮ই মার্চ ইংরেজী পরীক্ষার পর কয়েকজন পরীক্ষার্থী কিছু পরিদর্শকের সহায়তায় মূল কভার পাচার করে এবং হলের বাইরেই খাতায় উত্তর লেখে। পরীক্ষা শেষে গভীর রাতে উত্তরপত্রে পিন আটকানোর সময় স্থানীয় যুবকরা ও পুলিশ উক্ত উত্তরপত্রগুলি উদ্ধার করে।